

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/12/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো শিশু ক্ষতিগ্রস্ত বিধির (CHILD VICTIMS ACT, CVA) অধীনে দায়ের করা আইনী দাবির বিষয়ে তাৎক্ষণিক নজর নিশ্চিত করার জন্য পদক্ষেপ নিয়েছেন

*আর্থিক পরিষেবা বিভাগ (Department of Financial Services, DFS) নিউ ইয়র্ক স্টেটের
বিমাকারীদের দ্রুত এবং সৎ বিশ্বাসের সাথে কাজ করার আহ্বান জানিয়েছে*

*DFS বিমাকারীদের পূর্ব এবং বর্তমান বিমাপত্রধারী ও তাদের দাবীদারদের সাথে সর্বোত্তম নীতি
অনুশীলন করার পরামর্শ দেয় এবং নথি ধারণক্ষমতা বৃদ্ধি ও শিশু ভুক্তভোগী বিধি-সম্পর্কিত
দাবিগুলোতে প্রবেশাধিকারকে উৎসাহ প্রদান করে*

শিশু ভুক্তভোগী বিধি থেকে উদ্ধৃত আইনি দাবির সম্ভাব্য ঝুঁকিতে থাকা নিউ ইয়র্ক স্টেটের বিমাকারীদের তাৎক্ষণিক এবং সৎ বিশ্বাসে পদক্ষেপ নেয়ার জন্য [নির্দেশনা](#) জারি করতে আর্থিক পরিষেবা বিভাগকে আহ্বান জানানোর মাধ্যমে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো শিশু যৌন নির্যাতনের ভুক্তভোগীরা ন্যায়বিচার পাচ্ছে তা নিশ্চিত করার লক্ষ্যে পদক্ষেপ নিচ্ছেন। গভর্নর এই বছরের শুরুর দিকে, তাঁর 2019 ন্যায়বিচার কার্যক্রমের মূখ্য অংশ শিশু ভুক্তভোগী বিধিকে স্বাক্ষর প্রদানের মাধ্যমে আইনে পরিণত করেছিলেন এবং এক বছর পূর্ণ হয়ে এটিকে নিয়ে পর্যালোচনার সময় গত মাসে শুরু হয়েছে।

"আমরা শিশু ভুক্তভোগী বিধি কার্যকর করেছি যাতে করে শৈশবে যৌন নির্যাতনের শিকার ব্যক্তিরা ন্যায়বিচারের একটি পন্থা পায়", **গভর্নর কুওমো বলেন।** "দ্রুত উদ্যোগ গ্রহণ করার বাধ্যবাধকতা রয়েছে সেটি বিমাকারীদের মনে করিয়ে দিয়ে দাবি প্রক্রিয়া কার্যকরভাবে এবং দক্ষতার সাথে কাজ করছে তা এই পদক্ষেপের মাধ্যমে আমরা নিশ্চিত করতে সাহায্য করছি।"

"আমেরিকাবাসীরা যখন তাদের টিকে থাকার গল্প নিয়ে সামনে এগিয়ে আসছে, এমন সময়ে দীর্ঘকাল ধরে সহ্য করেছেন তাদের জন্য শিশু ভুক্তভোগী বিধি ন্যায়বিচারের ব্যবস্থা করছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ভুক্তভোগীদের প্রয়োজনীয় সহায়তা এবং পরিত্রাণ পেতে আইনের অধীনে আইনি দাবিগুলি দ্রুতগতিতে পরিচালিত হচ্ছে সেটি নিশ্চিত করতে আমরা সহায়তা করতে চাই। শিশু ভুক্তভোগী আইনের অধীনে পর্যালোচনার সুযোগটি (lookback window) স্টেট জুড়ে ভুক্তভোগীদের জন্য অবশেষে তাদের নির্যাতনকারীদের জবাবদিহিতার অধীনে নিয়ে আসার এক গুরুত্বপূর্ণ সুযোগ।"

ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিনটেনডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, "আমরা আশা করি যে আমাদের নিয়ন্ত্রিত সংস্থাগুলি তাদের পূর্ব এবং বর্তমান বিমাপত্রধারী ও তাদের স্ব স্ব দাবিদারদের সাথে কোনো প্রকার ব্যতিক্রম ছাড়া সকল দায়িত্ব সহ CVA-সম্পর্কিত দাবিগুলো রক্ষার উদ্দেশ্যে সর্বোত্তম নীতি অনুশীলন করবে, যাতে করে ভুক্তভোগীরা শিশু ভুক্তভোগী বিধির আওতায় প্রদত্ত দীর্ঘকালের প্রাপ্য পরিত্রাণ পেতে পারে।"

আজকের দিকনির্দেশনায়, কোনও আইনি আবিষ্কারের প্রক্রিয়া কিংবা অন্যথায় সম্পর্কিত যাই হোক না কেন, DFS সকল বিমাকারী এবং অন্যান্য নিয়ন্ত্রিত সংস্থা এবং প্রাসঙ্গিক রেকর্ডধারী ব্যক্তিদেরকে, সর্বোচ্চ সৎ বিশ্বাসের সাথে সকল প্রাসঙ্গিক রেকর্ড সংরক্ষণ এবং বিমাপত্রধারী এবং অন্যান্য অধিকারপ্রাপ্ত ব্যক্তিদের কাছে প্রদান করতে উৎসাহিত করেছে। হারিয়ে যাওয়া বিমা পলিসির ক্ষেত্রগুলোয়, বিমাপত্রধারী কিংবা ভুক্তভোগীরা প্রাসঙ্গিক পলিসি বিবরণ সঠিকভাবে নিরূপণ করতে অন্যান্য যে প্রমাণ হাজির করতে সক্ষম হয়, DFS বিমাকারীদের সেগুলো বিবেচনা করার অনুরোধ জানায়।

আমরা যখন গভর্নর কুওমোর অগ্রাধিকার CVA-এর প্রভাব উপলব্ধি করতে শুরু করেছি তেমন সময়ে আজকের দিকনির্দেশনা এসেছে। অপরাধ কখন সংঘটিত হয়েছিল তা ব্যতিরেকেই, অপরাধীদের তাদের কাজের জন্য দায়ী করা হয়েছে তা নিশ্চিত করতে, গভর্নরের 2019 সালের ন্যায়বিচার কার্যক্রমের অংশ CVA নিউ ইয়র্কের আইন প্রয়োগের সীমাবদ্ধতার বিধির (Statutes of Limitations) ব্যতিক্রম তৈরি করে শিশু যৌন নির্যাতনের শিকার হয়েছিলেন সেসকল ব্যক্তিদের পরিত্রাণ দেয়। যারা এই জাতীয় অপরাধ করেছে CVA তাদেরকে বিচারের আওতায় নিয়ে আসার জন্য নিউ ইয়র্ক স্টেটের যে ক্ষমতা তা সম্প্রসারিত করেছে এবং যারা যৌন নির্যাতনের শিকার হয়েছে তাদের নাগরিক মামলা দায়ের করার জন্য সময় বাড়িয়েছে এবং অতীতে সময়-নির্ভর আইনী দাবিগুলো-র জন্য এক বছরের সুযোগ (14ই আগস্ট, 2019 থেকে শুরু) উন্মুক্ত করা হয়েছে।

ভুক্তভোগীরা অভিযুক্ত দুষ্টিকারী, নির্যাতনের সময় অভিযুক্ত দুষ্টিকারীদের নিয়োগকারী সংস্থা এবং অন্যান্য ব্যক্তি বা সংস্থা যেগুলো এই অভিযুক্ত নির্যাতনমূলক কর্মকান্ড এবং এর ফলে হওয়া ক্ষতির জন্য দায়ী হতে পারে, তাদের বিরুদ্ধে মামলা অথবা আইনি দাবি পরিচালনার উদ্দেশ্যে বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতি ব্যবহার করতে পারেন।

এমন কর্মকান্ডের উপরে ভিত্তি করে কিছু আইনী দাবী উত্থাপিত হচ্ছে যা সংঘটিত হয়েছিল অনেক বছর বা এমনকি কয়েক দশক পূর্বে। এসকল ক্ষেত্রে ঘটনার সময়ে কিছু কিছু বিবাদীর বিমা পলিসি থেকে থাকতে পারে যেটি ভুক্তভোগীদের প্রদেয় ক্ষতিপূরণের আংশিক বা সম্পূর্ণ কভারেজ প্রদান করতে পারে এবং নির্দিষ্ট নীতিমালার অধীনে সুরক্ষা প্রদানের দায়িত্ব বীমাকারীদের থাকতে পারে। যদি কোনো CVA-সম্পর্কিত দাবির সাথে সংশ্লিষ্ট কোনো পলিসি সনাক্ত করা না যায়, তাহলে অন্যান্য রেকর্ড বীমা কভারেজের প্রমাণ সরবরাহ করতে পারে (যেমন চিঠি বা অন্যান্য পত্রাবলি, বীমা শংসাপত্র, বা সংশ্লিষ্ট কভারেজ বর্ণনা করে এমন কোনও নথি)।

বিজ্ঞপ্তিপত্রের একটি সম্পূর্ণ [অনুলিপি](#) DFS ওয়েবসাইটে পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারব্লাইব করুন](#)